দৈনিক ইত্তেফাক

তারিখ 26 DEC 1992
পৃষ্ঠা 2 কলাম 7

24

## প্রসংগ ঃ ছাত্র বৃত্তি

শুনিতে পাই যে, দেশের শিক্ষা খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হইয়াছে। পূর্বেকার সকল রেকর্ড ভংগ করিয়া শিক্ষা খাতে নাকি সর্বোচ্চ অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে। কিন্তু দুঃখের বিষয়, বিগত জুলাই, ৯১ ইং মাস হইতে সকল প্রকার ছাত্র বৃত্তির টাকা প্রদান বন্ধ। শোনা যাইতেছে যে, 'স্বৈরাচার সরকারের দেওয়া বরাদ্দ শেষ হইয়া যাওয়ার পর ছাত্র বৃত্তি খাতে নূতন সরকারের আমলে কোন বরাদ্দ দেওয়া হয় নাই। বৃত্তি প্রদানের উদ্দেশ্য মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে জ্ঞান আহরণে উৎসাহিত করা যাহাতে তাহারা জ্ঞান অর্জন করিয়া জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে কল্যাণ আনিতে পারে। পরিতাপের বিষয়, শিক্ষা খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া সত্ত্বেও বিগত দুই বছর যাবৎ দেশের মেধাবী ছাত্র-ছাত্রীরা বৃত্তির টাকা পাইতেছে না। তাই নূতন করিয়া বৃত্তি পরীক্ষায় অংশ নিতে অনেক ছাত্র-ছাত্রী আগ্রহ প্রকাশ করিতেছে না। এমনকি পড়াশুনার প্রতিও তাহাদের মনোবল কমিয়া আসিতেছে।

জাতীয় জীবনে এর প্রভাব মন্দ ছাড়া ভাল হইবে না। কর্তৃপক্ষ আশা করি বিষয়টি ভাবিয়া দেখিবেন এবং মেধাবী ছাত্র-ছাত্রীরা যাহাতে বৃত্তির বকেয়া টাকা পাইতে পারে তাহার বিহিত ব্যবস্থা করিবেন।

—সেলিম রেজা, ১১২/১, নাখালপাড়া তেজগাঁও, ঢাকা।